

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৫০৯

আগরতলা, ১০ মার্চ, ২০২৬

জল জীবন মিশন প্রকল্পের অগ্রগতি নিয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত

পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ড. বিশাল কুমারের সভাপতিত্বে জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে গতকাল পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের ‘জল জীবন মিশনে’ হরঘর পরিশুত পানীয় জলের পরিষেবার অগ্রগতি নিয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের জেলা আধিকারিকগণ, বিদ্যুৎ নিগম, গ্রামোন্নয়ন দপ্তর সহ জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ উপস্থিত ছিলেন। জেলাশাসক ড. বিশাল কুমার জেলার প্রত্যেকটি ব্লকের গ্রাম পঞ্চায়েতে জল জীবন মিশনে পানীয় জলের পরিষেবার বিস্তারিত খোঁজ খবর নেন। সেই সাথে তিনি দপ্তরকে আগামী অর্থবছরে পানীয়জল ও জনস্বাস্থ্য বিষয়কে গ্রামাভিত্তিক, জেলাভিত্তিক ও রাজ্যভিত্তিক এই তিনটি স্তরে ভাগ করে কাজ করার পরামর্শ দেন। জলের গুণগত মান পর পর তিনবার পরীক্ষা করানো, পাম্প অপারেটর এবং জল সখিদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য জেলাশাসক দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। এছাড়া পানীয়জলের পাম্প হাউজগুলি ও পাইপ লাইন সচল আছে কিনা তা পঞ্চায়েতভিত্তিক সাপ্তাহিক পরিদর্শন করে কাজ করতে বলেন। সভায় জেলাশাসক ড. বিশাল কুমার সকলকে সরকারী কাজে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার পরামর্শ দিয়ে বলেন, সরকারের পরিষেবাগুলি মানুষের কাছে সঠিক ভাবে পৌঁছচ্ছে কিনা তা নজর রাখা এবং সরকারের কাছে তার রিপোর্ট যথা সময়ে প্রদান করা সকলের কর্তব্য।
